



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রায়পুর, লক্ষ্মীপুর
www.raipur.lakshmipur.gov.bd



স্মারক নং- ৪ ০৫.৪২.৫১৫৮.০০১.২৩.০০২.২৩- ৮৪০

তারিখঃ ১৫ অগ্রহায়ণ ১৪৩০
৩০ নভেম্বর ২০২৩

নিয়োগ বিজ্ঞপ্তি


বাংলাদেশ গেজেটের ৬মে, ২০১৫ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ২১ বৈশাখ ১৪২২ বঙ্গাব্দ/ ০৪ মে, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের এস, আর ও নং- ৮৯ আইন/ ২০১৫ এবং বাংলাদেশ গেজেটের ১৩ জুলাই, ২০১৬ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত এস, আর ও নং- ২২৭ আইন/ ২০১৬ এর আদেশবলে লক্ষ্মীপুর জেলাধীন রায়পুর উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশের (মহাল্লাদার) শূন্যপদে জনবল নিয়োগের জন্য স্ব স্ব ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের (পুরুষ/ মহিলা) নিকট হতে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	ইউনিয়নের নাম	শূন্য পদের সংখ্যা		পদের বিপরীতে মাসিক বেতন	শিক্ষাগত যোগ্যতা
		পদের নাম	ওয়ার্ড নম্বর		
১	২	৩	৪	৫	৬
০১.	২নং উত্তর চর বংশী	০২ জন	৩, ৮	মহাল্লাদার: ৬,৫০০/- (সরকারি অংশের ৩,২৫০/- ও ইউনিয়ন পরিষদ অংশের ৩,২৫০/-)	মহাল্লাদার: সর্বনিম্ন অষ্টম শ্রেণি বা কোন স্বীকৃতি বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০২.	৩নং চর মোহনা	০১ জন	৮		
০৩.	৪নং সোনাপুর	০২ জন	৬, ৭		
০৪.	৫নং চরপাতা	০১ জন	৭		
০৫.	৬নং কেরোয়া	০১ জন	৯		

শর্তাবলীঃ

- ১। মহাল্লাদার পদের প্রার্থীকে স্ব স্ব ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স ১৭.১২.২০২৩ খ্রি. তারিখ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) ও বিশেষ কোটার প্রার্থী হলে তা উল্লেখসহ প্রার্থীকে উপজেলা নির্বাহী অফিসার, রায়পুর, লক্ষ্মীপুর বরাবরে স্বহস্তে আবেদন করতে হবে।
- ৩। প্রয়োজনীয় শারীরিক যোগ্যতাঃ পুরুষ প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা কমপক্ষে ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি সম্প্রসারণ; সর্বনিম্ন ওজন ৫০ কেজি ও সুঠাম দেহের অধিকারী হতে হবে এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন ৫ ইঞ্চি ফুট সর্বনিম্ন বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ); সর্বনিম্ন ওজন ৪৫ কেজি এবং সুঠাম দেহের অধিকারী হতে হবে।
- ৪। আবেদনের সাথে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, রায়পুর, লক্ষ্মীপুর এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/ পে অর্ডার (অফেরংযোগ্য) দাখিল করতে হবে।
- ৫। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ
 - (ক) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিক সনদপত্র।
 - (খ) জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি।
 - (গ) পাসপোর্ট সাইজের ০৪(চার) কপি সত্যায়িত রঞ্জন ছবি।
 - (ঘ) ১ম শ্রেণি গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
 - (ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতার সত্যায়িত সনদপত্র।
- ৬। কোটার ক্ষেত্রে সরকার নির্ধারিত নীতিমালা অনুসরণ করা হবে।
- ৭। আবেদনের সাথে ১০.০০ (দশ) টাকার ডাকটিকেট লাগানো প্রার্থীর ঠিকানা সম্বলিত ৪.৫x ১০ সাইজের ১(এক)টি খাম দিতে হবে।
- ৮। প্রার্থীর বয়স ১৭.১২.২০২৩ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে ৩২ বছর শিথিলযোগ্য।

- ৯। প্রার্থীর আবেদনপত্র আগামী ১৭.১২.২০২৩ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাকযোগে জমা দিতে হবে।
- ১০। আবেদনপত্রের উপর কোন সুপারিশ গ্রহণযোগ্য নয়।
- ১১। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল হিসেবে গণ্য হবে।
- ১২। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, ইউনিয়নের নাম এবং ওয়ার্ড নম্বর লিখতে হবে।
- ১৩। তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসা মাত্রই কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ আদেশ বাতিল করা হবে।
- ১৪। নিয়োগকারী কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত/সংশোধন/পরিবর্তন/নিয়োগ স্থগিত ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবে।



(অন্জন দাশ)

উপজেলা নির্বাহী অফিসার
রায়পুর, লক্ষ্মীপুর।

ফোন : ০২৩৩৪৪৪২৩১১


ই-মেইল : unoraipur@mopa.gov.bd

তারিখঃ ১৫ অগ্রহায়ণ ১৪৩০
৩০ নভেম্বর ২০২৩

স্মারক নং- ৪ ০৫.৪২.৫১৫৮.০০১.২৩.০০২.২৩- ৮৪০

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

- ১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ৩। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর
- ৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুর
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রায়পুর, লক্ষ্মীপুর
- ৬। সহকারী কমিশনার (ভূমি), রায়পুর, লক্ষ্মীপুর
- ৭। অফিসার-ইন-চার্জ (ওসি), রায়পুর থানা, রায়পুর, লক্ষ্মীপুর
- ৮। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, রায়পুর, লক্ষ্মীপুর
- ৯। সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, রায়পুর, লক্ষ্মীপুর (ইউনিয়ন এবং উপজেলা তথ্য বাতায়নে আপলোডপূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য)
- ১০। অফিস কপি



(অন্জন দাশ)

উপজেলা নির্বাহী অফিসার
রায়পুর, লক্ষ্মীপুর।

ফোন : ০২৩৩৪৪৪২৩১১

ই-মেইল : unoraipur@mopa.gov.bd